শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রিপ্যারেটরি

বিষয়- গণিত

যোগ (পাশাপাশি যোগ)

১।সংখ্যাপ্রতীকের অপর নাম কী?
উ:-অঙ্ক ।

২।অঙ্ক কয়টি ও কী কী?
উ:-অঙ্ক ১০টি।০,১,২,৩,৪,৫,৬,৭,৮,৯।

৩।অঙ্ক দিয়ে কী তৈরি করা হয়?
উ:-সংখ্যা।

৪।১,২----এগুলি কয় অঙ্কের সংখ্যা?কেন?
উ:-এগুলি ১ অঙ্কের সংখ্যা ।কারণ ১টি অঙ্ক আছে ।(০ থেকে ৯পর্যন্ত ১অঙ্কের সংখ্যা,তার মধ্যে এই অঙ্কগুলি আছে ।তাই এগুলি ১ অঙ্কের সংখ্যা।)

৫।১টি ফুল ও ২টি ফুল একসাথে করলে কটি ফুল হবে?
উ:-৩টি ফুল ।

৬।একসাথে করাকে আর কী বলে?
উ:-একত্র করা ।

৭।১ ও ২---এদের কি একত্র করা যাবে? কেন?উত্তর কত হবে?
উ:-হ্যাঁ, একত্র করা যাবে ;কারণ দুটোই সংখ্যা।উত্তর--- ৩ হবে ।

৮।১,২,৩----এদের কি একত্র করা যাবে?কেন?উত্তর কত হবে?
উ:-হ্যাঁ, একত্র করা যাবে ;কারণ তিনটিই সংখ্যা।উত্তর----৬ হবে ।

৯।আমরা কয়টি সংখ্যা একত্র করলাম?
উ:-একের বেশি সংখ্যা।

১০।একের বেশির আরেক নাম কী?
উ:-একাধিক ।

১১।একাধিক সংখ্যা একত্র করাকে কী বলে?
উ:-যোগ।

১২।যোগ করতে কয়টি সংখ্যা লাগে?
উ:-একাধিক ।

১৩।যোগের চিহ্ন কীরূপ?
উ:-'+'।

১৪।যোগ করলে সংখ্যার মান বাড়ে না কমে?
উ:-বাড়ে।

১৫।যোগ করে যে সংখ্যা পাই তাকে কী বলে?
উ:-যোগফল ।

১৬।পাশাপাশি যোগ:-

	এ		এ		এ
i)	২	+	৩	=	৫

উ:-যোগফল ৫।

	দ	এ		দ	এ		দ এ
ii)	১	২	+	২	৬	=	৩ ৮

উ:- নির্ণীত যোগফল ৩৮।

শ দ এ দ এ এ শ দ এ

iii) ১ ২ ৩ + ২ ৩ + ২ = ১ ৪ ৮

উ:-নির্ণীত যোগফল ১৪৮।

নিজে করবে

iv)৪২ + ৩৭ = ?

v)৩১২ + ২৪ + ৩ = ?

বিঃদ্রঃ

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**